

## সিঞ্চুনদের দেশ —অনিন্দিতা দেবনাথ

ফের আবার  
যদি জন্মাতে পারি জীবন নিয়ে  
খুঁজবো এশিয়ার ভারতবর্ষকে ।

সেই ভারতবর্ষ  
যার উৎপত্তি চন্দ্ৰবংশীয় রাজা  
ভৱতকে নিয়ে ।

তখন হয়তো ভূগোলের পাঠ্যপুস্তক  
আরও উন্নত হবে,  
ইতিহাসের বইগুলো  
আরও মোটা হবে,  
কিন্তু হিন্দুস্থান ?  
শব্দটা অপরিবর্তনীয় ।

এই ভূমিতে  
এখনও বিহানবেলায়  
দুধের গ্লাস নিয়ে  
মা বলেন -' খোয়ে নে ' ।  
এখনও জিজ্ঞেস করেন  
মশারিটা ঠিকঠাক আছে কিনা !  
খোকার গা-পোড়া জুরে  
এখনও জলপাতি দেয়া হয় ।

এখানে এখনও বসন্ত আসে  
উঠোনে পাকাধান  
জমিতে দু-একটা ঘাস ফড়িং  
আর চাষির বুকে  
সফলতার স্পন্দন ।

পৃথিবীর সকল সুখকে  
একত্রে মনভরে উপভোগ করবো আমি ।

আমার যদি জন্ম হয় কাশ্মীরে,  
বাল্যকাল কাটবে গুজরাটে  
যৌবন নাগাল্যান্ড,  
বার্ধক্য কোচি,  
আর মৃত্যুটা ভারত মহাসাগরের উপরেই  
ছেড়ে দিলাম ।  
প্রাচীন গ্রীকদের ভাষায়  
আমি একজন ইন্দোই ।  
আর একজন ইন্দোই হিসেবে  
হিন্দুস্থানের জন্য  
আরও একটি জীবন  
উপহার চাই ।

---

---